



Public Health
England

BENGALI



টিকা ও পোরসাইন জিলেটিন

পোরসাইন জিলেটিন কীভাবে ও কেন টিকায় ব্যবহৃত হয় সে ব্যাপারে এই লিফলেটটিতে ব্যাখ্যা করা হয়েছে

কিছু টিকায় শূকরের উপাদান থাকার বিষয়টি কিছু সম্প্রদায়ের মধ্যে উদ্বেগের সৃষ্টি করেছে। এই উপাদান সম্বলিত টিকা এবং এগুলোর অন্যান্য যেসকল বিকল্প রয়েছে সে সম্পর্কিত তথ্য প্রদানের জন্য এই লিফলেটটি তৈরি করা হয়েছে।

জিলেটিন কী?

জিলেটিন হলো মুরগি, গবাদি পশু, শূকর ও মাছের মত প্রাণীর কোলাজেন হতে প্রাপ্ত উপাদান। টেন্ডন, অস্থিসন্ধি, অস্থি ও তরুণাঙ্গিতে কোলাজেন পাওয়া যায়। পোরসাইন জিলেটিন পাওয়া যায় শূকরের কোলাজেন থেকে। ওষুধে ব্যবহৃত সব ধরনের জিলেটিন কঠোর স্বাস্থ্যবিধি ও নিরাপত্তা বিধান মেনে প্রস্তুত করা হয়।

টিকাতে পোরসাইন জিলেটিন ব্যবহার করা হয় কেন?

অনেক ক্যাপসুল ও কিছু কিছু টিকাসহ বিভিন্ন ওষুধে জিলেটিন বেশ ব্যাপকভাবে ব্যবহার করা হয়। পোরসাইন জিলেটিন স্টেবিলাইজার বা স্থিতিকারক হিসেবে টিকায় ব্যবহৃত হয় - যাতে সংরক্ষণের সময় টিকা নিরাপদ ও কার্যকর থাকে। টিকা প্রস্তুতকারকেরা সাধারণত অনেক ধরনের স্টেবিলাইজার পরীক্ষা করে থাকেন এবং সেটিই নির্বাচন করেন যেটি স্থিতিশীল, ভালো মানের এবং পর্যাপ্ত পরিমাণে পাওয়া যায়। খাবারে ব্যবহৃত জিলেটিনের তুলনায় টিকায় ব্যবহৃত জিলেটিন অত্যন্ত বিশুদ্ধ হয় এবং এদেরকে পেপটাইড নামক ছোট ছোট অণুতে ভেঙে ফেলা হয়।

টিকা কেন অন্যান্য স্টেবিলাইজার বা অন্য কোনো ধরনের জিলেটিন দিয়ে তৈরি করা যায় না?

একটি টিকা নিরাপদ ও কার্যকর উভয়ই নিশ্চিত করার জন্য একটি টিকা তৈরিতে ল্যাবরেটরিতে পরীক্ষা ও চিকিৎসাগত গবেষণায় অনেক বছর লেগে যায়। প্রস্তুতকারক টিকার জন্য স্টেবিলাইজার নির্বাচন করার পর, এতে কোনো পরিবর্তন হলে উক্ত টিকার নিরাপত্তা ও কার্যকারিতা নষ্ট হয়নি তা প্রমাণের জন্য ব্যাপক ল্যাবরেটরি ও চিকিৎসাগত গবেষণার প্রয়োজন হয়। এই কারণে একটি ভিন্ন স্টেবিলাইজার বিশিষ্ট একটি নতুন নিরাপদ ও কার্যকর টিকা আবিষ্কারে বহু বছর সময় লাগতে পারে বা এমনকি আবিষ্কার করা নাও যেতে পারে।

কোন কোন টিকায় পোরসাইন জিলেটিন রয়েছে?

যুক্তরাজ্যের নিয়মিত টিকা প্রদান কর্মসূচিতে তিনটি টিকা রয়েছে যেগুলির মধ্যে পোরসাইন জিলেটিন রয়েছে:

- Fluenz Tetra® নাক দিয়ে স্প্রে করে দেওয়ার টিকা যেটি শিশুদেরকে নু থেকে সুরক্ষিত রাখে
- MMR VaxPro®, হাম, মাম্পস ও রুবেলা থেকে সুরক্ষা প্রদানকারী টিকা
- Zostavax®, যে টিকা বয়স্কদেরকে কচিদাদ রোগ থেকে সুরক্ষিত রাখে।

ধর্মীয় বিশেষজ্ঞদের মতামত কী?

পাবলিক হেলথ ইংল্যান্ড (PHE) কাশরুট অ্যান্ড মেডিসিনস ইনফরমেশন সার্ভিস এর সাথে আলোচনা করেছেন, যিনি বলেছেন:

'মনে রাখা দরকার যে ইহুদি আইন অনুসারে, মুখে থেতে হয় না এমন পণ্য পোরসাইন বা অন্যান্য প্রাণীজ উপাদান নিয়ে কোনো সমস্যা নেই। এর মধ্যে রয়েছে নাক, ইঞ্জেকশন, সাপোজিটরি, ক্রিম ও মলম হিসেবে দেয়া হয় এমন টিকা।'

তবে, PHE স্বীকার করছেন যে ব্রিটিশ মুসলিম ও ইহুদি সম্প্রদায়ের মধ্যে বৈচিত্র্য আছে এবং তারা ও অন্য কিছু সম্প্রদায় মনে করতে পারে যেকোনো পোরসাইন পণ্যযুক্ত ওষুধ ও টিকা নিষিদ্ধ। এই পরিস্থিতিতে, সম্ভাব্যভাবে একজন ব্যক্তি কোনো উপযুক্ত বিকল্প না থাকা এবং/অথবা পণ্যটি জীবন-রক্ষাকারী হিসেবে বিবেচিত হওয়া ব্যতীত অনেক ফার্মাসিউটিক্যাল পণ্য গ্রহণ করতে পারবেন না।

এই টিকাগুলোর কি কোনো উপযুক্ত বিকল্প আছে?

- **MMR:** যুক্তরাজ্যে আমাদের দুই ধরনের MMR টিকা আছে - MMR VaxPro® এবং Priorix®। Priorix® এর মধ্যে জিলেটিন নেই এবং এটি MMR VaxPro® এর মত নিরাপদ ও কার্যকর।
- **কোঁচদাদ:** Zostavax® হলো বর্তমানে যুক্তরাজ্যে প্রাপ্ত কোঁচদাদের একমাত্র টিকা।
- **Fluenz Tetra®:** সুস্থ শিশুদের জন্য এর কোনো উপযুক্ত বিকল্প নেই। জুয়ের জন্য ইঞ্জেকশন হিসেবে দেয়া যায় এমন টিকা আছে যেটিতে শূকরের জিলেটিন নেই কিন্তু এটি শিশুদের ক্ষেত্রে Fluenz Tetra® এর চেয়ে কম কার্যকর। এছাড়াও এগুলো কমিউনিটিতে জু ছড়িয়ে পড়া রোধে কম কার্যকর হতে পারে। এই টিকাগুলো শুধু জুয়ের জটিলতায় উচ্চ ঝুঁকিতে থাকা শিশু ও বয়স্কদের জন্য আয়োজিত কর্মসূচির অংশ হিসেবে সুপারিশ করা হয়।

যদি লোকজন তাদের জন্য বা তাদের সন্তানদের জন্য পোরসাইন জিলেটিন যুক্ত টিকা না নিতে চায় তাহলে কী হবে?

আপনাকে বা আপনার সন্তানকে টিকা দেয়া হবে কিনা সে ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত আপনার। একটি সুনিশ্চিত সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনি নিজের বা আপনার সন্তানকে টিকা দেওয়ার সুবিধা-অসুবিধা সম্পর্কে প্রমাণ বিবেচনা করতে পারেন এবং আপনি আপনার ধর্মীয় নেতাদের বা অন্যান্য সম্প্রদায়ের নেতাদের কাছ থেকে পরামর্শ চাইতে পারেন।

যেসব পিতামাতা চান না যে তাদের সন্তান পোরসাইন জিলেটিনযুক্ত MMR টিকা নিক তারা তাদের GP এর কাছে Priorix® টিকার অনুরোধ জানাতে পারেন। দুই ডোজের সম্পূর্ণ কোর্স হাম, মাম্পস ও রুবেলা থেকে সুরক্ষা প্রদান করবে। অনুগ্রহ করে মনে রাখবেন এই পণ্যটির অর্ডারে অনুশীলনের প্রয়োজন হতে পারে যা বিশেষ করে অ্যাপয়েন্টেমেন্টের আগে তাদেরকে আপনার মতামত জানাতে সাহায্য করবে।

আপনার সন্তানের দুর্বল স্বাস্থ্য সমস্যার কারণে জুয়ের উচ্চ ঝুঁকিতে থাকলে, নাকে প্রদত্ত টিকাটি সবচেয়ে ভালো বিকল্প হিসেবে বিবেচনা করা হয়। যদি তারা নাকের স্প্রে না দিতে চায় বা চিকিৎসাগত কারণে দেয়া না যায় তাহলে তাদেরকে ইঞ্জেকশনের মাধ্যমে জু টিকা নিতে হবে। জুয়ের উচ্চ ঝুঁকিতে থাকা বয়স্কদের জন্যও, ইঞ্জেকশনের মাধ্যমে টিকাটি দিতে হবে। বার্ষিক NHS কর্মসূচির অংশ হিসেবে সুস্থ শিশুদের জন্য আর কোনো বিকল্প টিকা নেই। তবে, যেহেতু আপনার এলাকার অনেক শিশুদের নাকে প্রদত্ত টিকাটি দেয়া হবে তাই আপনার ও আপনার পরিবারের জু হওয়ার সুযোগ অপেক্ষাকৃত কম।

বয়স্ক লোক যারা কোঁচদাদ থেকে সুরক্ষা পেতে চান তাদের জন্য বর্তমানে Zostavax® এর কোনো বিকল্প নেই।

টিকা দেওয়ার ব্যাপারে আপনি যদি আপনার সিদ্ধান্ত নেয়ার পূর্বে আরো তথ্য পেতে চান, তাহলে আপনি আপনার ডাক্তার বা নার্সের সাথে কথা বলতে পারেন। এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ আপনি যদি এমন রোগের উচ্চ ঝুঁকিতে থাকেন যেগুলো এই টিকাগুলি দিয়ে কার্যকরভাবে প্রতিরোধ করা যায়।